শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে)

মরিচাল,হুলারহাট, পিরোজপুর।

টেলিফোন নং-৬২৩৯৭ ও ৬২২৭৮, ই-মেইল নং-gmppbs @yahoo.com

স্মারক নং-২৭.১২.৭৯৮০.৫৫৯.০১.১০০.১৯. ৫৭১৬

তারিখ ২৫ অগ্রহায়ন , ১৪২৬
১০ ডিসেম্বর , ২০১৯

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

পিরোজপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতায় নিম্নবর্নিত শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত আগ্রহী লাইনম্যান গ্রেড-১, কম্পিউটার অপারেটর এবং বিলিং সহকারী যাহারা পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-০৮ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন সে সকল অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত স্বাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। উল্লেখ্য যে, বর্ণিত পদসমূহে পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না।

পদের নামঃ

০১। লাইন টেকনিশিয়ান
০২। অফিস সেক্রেটারী
০৩। বিলিং সুপারভাইজার

### লাইন টেকনিশিয়ান পদের যোগ্যতাঃ

(ক) প্রার্থীকে এস.এস.সি বা সমমান (বিজ্ঞান বিভাগ অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে ন্যূনতম ০৫ (পাচঁ) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের নূন্যতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উর্ত্তীন হতে হবে।
(ঘ) মোটর সাইকেল চালনায় বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।
(ঙ) সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র থাকতে হবে।
(চ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা অর্জন ও সকল শর্তাদি প্রতিপালন করতে হবে।

### অফিস সেক্রেটারী পদের যোগ্যতাঃ

(ক) কম্পিউটার অপারেটর পদে নূন্যতম ০৫ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের নূন্যতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(গ) প্রতি মিনিটে ইংরেজী ৬০ ও বাংলায় ৪০ শব্দ নির্দেশ (ডিক্টেশন) গ্রহণে সক্ষম হতে হবে।
(ঘ) প্রতি মিনিটে ইংরেজী ৩৫ অথবা বাংলায় ৩০ শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।
(ঙ) বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরামচিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(চ) দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন ইত্যাদি নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।
(ছ) সর্বসাধারণের সাথে নম্র ও হাসি-খুশিভাবে মেশার সামর্থ থাকতে হবে।
(জ) পবিস কর্মচারী চাকুরী বিধি অনুযায়ী চাকুরীকাল পরিচ্ছন্ন ও সুনামের সাথে অতিবাহিত হতে হবে।
(ঝ) পদোন্নতির ক্ষেত্রে পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সকল শর্ত অবশ্যই পূরণ থাকতে হবে।

### বিলিং সুপারভাইজার পদের যোগ্যতাঃ

(ক) প্রার্থীকেই বিলিং সহকারী পদে নিয়মিতভাবে ০৭ বছর চাকুরী করার অভিজ্ঞতা থাকতে হবে।
(খ) সর্বশেষ ০৩(তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের নূন্যতম গড় রেটিং ৩.৫০ থাকতে হবে।
(গ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত সকল প্রশিক্ষণে উর্ত্তীন হতে হবে।

(ঘ) প্রার্থীকে বিলিং কম্পিউটার, সার্ভার এবং অন্যান্য অফিস যন্ত্রপাতি পরিচালনায় পারদর্শী হতে হবে।

(ঙ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০ (দশ) টি শব্দ ও ইংরেজীতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে।

(চ) সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্র থাকতে হবে।

(ছ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা অর্জন ও সকল শর্তাদি প্রতিপালন করতে হবে।

**শর্তাবলীঃ**

(ক) আবেদনকারী পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রের সাথে পূর্ন জীবন বৃত্তান্ত, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক বর্তমান পদে যোগদান, নিয়মিত করণ পত্রের ফটোকপি দাখিল করতে হবে।

(খ) পবিস নির্দেশিকা অনুযায়ী সকল প্রশিক্ষনে কৃতকার্য হওয়ার প্রমানপত্র ও সংযুক্ত সকল কাগজপত্র এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(গ) সর্বশেষ তিন বৎসরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি ও হালনাগাদ ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঘ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙ্গিন সত্যায়িত ছবি আবেদন পত্রের সহিত সংযুক্ত করতে হবে।

(ঙ)) নিয়োগ সংক্রান্ত যে কোন ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(চ) সাক্ষাতকার পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ছ) পদোন্নতির প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-০৮ ও ৩০০-৫১ প্রতিপালন করা হবে।

**উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্নিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে না।**

(ক) সর্বশেষ ০৩(তিন) বছর কোনরুপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ১ বছর কোনরুপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহন করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থ্যাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না। উল্লেখ্য যে, বিভাগীয় কার্যক্রম অবসানের পর কোনরুপ দন্ডপ্রাপ্ত না হলে বিভাগীয় কার্যক্রমে অতিবাহিত সময় পরিচ্ছন্ন চাকুরীকালে হিসেবে গন্য হবে;

আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রসহ আগামী ২১/১২/২০১৯ খ্রিঃ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে স্বশরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

২০/১২/১৯

(প্রকৌ: মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর/ পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (দক্ষিনাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, ----------------------------------পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম,(কারিগরী-সদর দপ্তর),/ মঠবাড়িয়া/মোড়েলগঞ্জ/স্বরুপকাঠী জোনাল অফিস, পিরোজপুর পবিস।
০৫। এজিএম (ওএন্ডএম), নজিরপুর/ভান্ডারিয়া/শরনখোলা সাব-জোনাল অফিস, পিরোজপুর পবিস।
০৬। এজিএম (অর্থ /প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), পিরোজপুর পবিস।
০৭। জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি -১/২, পিরোজপুর পবিস। (পবিস ওয়েবসাইটে প্রকাশ নিশ্চিতকরণের জন্য)।
০৮। নোটিশ বোর্ড, পিরোজপুর পবিস।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌ: মোঃ মফিজুর রহমান)
জেনারেল ম্যানেজার